

এক বিলিয়নেরও বেশি মানুষ কোনো না কোনো ধরনের অক্ষমতা নিয়ে বসবাস করেন। তালিকাটি সম্পূর্ণ না হলেও এটি অধিক প্রচলিত কিছু রোগকে তুলে ধরে।

## উদ্বেগ

উদ্বেগজনিত ব্যাধিগুলো এমন সকল পরিস্থিতিতে মানুষকে অত্যধিক আতঙ্কিত, ব্যথিত বা অস্বস্তি বোধ করায় যেসকল পরিস্থিতিতে অধিকাংশ মানুষজন এই একই ধরনের অনুভূতি অনুভব করবে না।

## মনোযোগ-ঘাটতি/হাইপারঅ্যাকটিভিটি ডিসঅর্ডার (ADHD)

ADHD শৈশবের সবচেয়ে সাধারণ স্নায়বিক বিকাশগত ব্যাধিগুলির মধ্যে একটি। এটি এমন একটি রোগ যেটিতে অমনোযোগীতা, অতি সক্রিয় থাকা, এবং আবেগপ্রবণতাসহ আরো কিছু লক্ষণ থাকে। তবে ADHD নির্ণয় করার জন্য কোনো শিশুর মধ্যে এই সবগুলো উপস্থিত থাকার প্রয়োজন নেই। ADHD-এর মধ্যে চিন্তার কার্যকারিতা বিলম্বের পাশাপাশি মানসিক অস্থিরতাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

## অটিজম

অটিজম একটি স্নায়বিক ব্যাধি যা কোনো শিশুর যোগাযোগ করার, ভাষা বোঝার, খেলাধুলা করার এবং অন্যদের সাথে সম্পর্ক করার ক্ষমতাকে প্রভাবিত করে।

## বাইপোলার ডিসঅর্ডার

বাইপোলার ডিসঅর্ডার হল একটি দীর্ঘস্থায়ী অসুস্থতা যাতে এক দিন থেকে কয়েক মাস পর্যন্ত পুনরাবৃত্ত ম্যানিয়া ও বিষন্নতা স্থায়ী হতে পারে। এই মানসিক অসুস্থতা মেজাজ, শক্তি ও স্পষ্টভাবে চিন্তা করার ক্ষমতার অস্বাভাবিক ও নাটকীয় পরিবর্তন ঘটায়।

## অন্ধত্ব/দৃষ্টি বৈকল্য

অন্ধত্বসহ দৃষ্টি প্রতিবন্ধকতা মানে দৃষ্টিশক্তির একটি দুর্বলতা যা সংশোধন করা যায় না এবং এতে আংশিক দৃষ্টি ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত থাকে।

## সেন্ট্রাল অডিটরি প্রসেসিং ডিসঅর্ডার (CAPD)

সেন্ট্রাল অডিটরি প্রসেসিং ডিসঅর্ডার কান যা শোনে তা মস্তিষ্কের কীভাবে উপলব্ধি ও প্রক্রিয়া করে তা প্রভাবিত করে, যা শব্দ চিনতে ও ব্যাখ্যা করার মস্তিষ্কের পদ্ধতিকে বিরূপভাবে প্রভাবিত করে, বিশেষত শব্দ গঠনকারী কথা।

## সেরিব্রাল পলজি

CP নামেও পরিচিত সেরিব্রাল পলজি আমাদের পেশী ও দেহ ব্যবহার করার ক্ষমতা নিয়ন্ত্রণ করা মস্তিষ্কের অংশগুলোতে আঘাতের কারণে সৃষ্ট একটি অবস্থা।

## বধির-অন্ধত্ব

"বধির অন্ধত্ব" শব্দটি এমন মনে হতে পারে যেন কোনো ব্যক্তি একেবারেই শুনতে বা দেখতে পায় না। শব্দটি এমন একজন ব্যক্তির বর্ণনা করে যার দৃষ্টি ও শ্রবণ উভয় ক্ষেত্রেই কিছুটা ক্ষতি হয়েছে।

## বধিরতা ও শ্রবণশক্তি হ্রাস

শ্রবণ আমাদের পঞ্চ ইন্দ্রিয়ের একটি। শ্রবণশক্তি হ্রাসকে সাধারণত হালকা, মৃদু, মাঝারি, গুরুতর হিসেবে বর্ণনা করা হয় এবং এটি একটি বা উভয় কানকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

## বিষন্নতার ব্যাধি

বিষন্নতা এমন একটি ব্যাধি যা সাময়িকভাবে দুঃখ বা বেদনার বোধের বাইরেও প্রসারিত হয়। এটি একটি গুরুতর চিকিৎসা রোগ যা ব্যক্তির চিন্তাভাবনা, অনুভূতি, আচরণ, মেজাজ ও শারীরিক স্বাস্থ্যকে প্রভাবিত করে।

## বিকাশগত বিলম্ব

বিকাশমূলক বিলম্ব (DD) অর্থ হলো কোনো ব্যক্তি প্রতিবন্ধীত্ব নেই তার এমন সমবয়সীদের মতো একই মাইলফলকগুলিতে পৌঁছাননি। বিলম্ব বিকাশের একটি বা কয়েকটি ক্ষেত্রে ঘটতে পারে। কমপক্ষে দুটি ক্ষেত্রে বিলম্ব হলে গ্লোবাল বিলম্ব ঘটে।

## ডাউন সিন্ড্রম

Down Syndrome হলো একটি জেনেটিক ব্যাধি যা ক্রোমোজোম 21-এর অতিরিক্ত অনুলিপি দ্বারা সৃষ্ট হয় এবং এটিকে কখনও কখনও ট্রাইসোমি 21 হিসেবেও উল্লেখ করা হয়। এটি ব্যক্তির জন্য মানসিক ও শারীরিক উভয় চ্যালেঞ্জের কারণ হতে পারে।

## মৃগী রোগ

মৃগী একটি খিঁচুনি ব্যাধি। খিঁচুনি ঘটে যখন একটি সংক্ষিপ্ত, শক্তিশালী বৈদ্যুতিক ক্রিয়াকলাপ মস্তিষ্কের অংশ বা সকল অংশকে প্রভাবিত করে।

# নির্দিষ্ট রোগ নির্ণয়

## ক্রণের অ্যালকোহল স্পেকট্রাম ডিসঅর্ডার

"ক্রণের অ্যালকোহল স্পেকট্রাম ডিসঅর্ডার" (FASD) একটি সমন্বিত শব্দ যা জন্মপূর্ব অ্যালকোহল পানের ফলে সৃষ্ট বিভিন্ন রোগের বর্ণনা করতে ব্যবহৃত হয়।

## বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধীত্ব

বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধীত্ব (I/D) এমন একটি শব্দ যা ব্যবহার করা হয় যখন কোনো ব্যক্তির যোগাযোগ করা, তার নিজের যত্ন নেওয়া ও সামাজিক দক্ষতার মত মানসিক কার্যকারিতা ও দক্ষতার ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা থাকে।

## শেখার অক্ষমতা

ডিসলেক্সিয়া, ডিসক্যালকুলা ও ডিসগ্রাফিয়া এর মধ্যে অন্তর্ভুক্ত তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়। শেখার অক্ষমতা একটি সাধারণ শব্দ যা নির্দিষ্ট ধরণের শেখার পার্থক্যকে বর্ণনা করে। যে দক্ষতাগুলো প্রায়শই ক্ষতিগ্রস্ত হয় তা হলো পড়া, লেখা, শোনা, কথা বলা, যুক্তি ব্যবহার করা এবং গণিত করা।

## স্নায়বিক বৈকল্য

স্নায়বিক বৈকল্য হল শরীরের স্নায়ুতন্ত্রের যেকোনো ব্যাধি। মস্তিষ্ক, মেরুদণ্ড বা অন্যান্য স্নায়ুর কাঠামোগত, জৈব

রাসায়নিক বা বৈদ্যুতিক অস্বাভাবিকতার ফলে বিভিন্ন উপসর্গ দেখা দিতে পারে।

## সংবেদন প্রক্রিয়াকরণের ব্যাধি (SPD)

সংবেদনশীল সংকেতগুলো যথাযথ প্রতিক্রিয়ায় সংগঠিত না হলে এবং মস্তিষ্কের নির্দিষ্ট অংশগুলোকে সংবেদনশীল তথ্য সঠিকভাবে ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় তথ্য গ্রহণ করতে বাধা দিলে সংবেদন প্রক্রিয়াকরণের ব্যাধি ঘটে। এটি একটি স্নায়বিক রোগ।

## স্পিনা বিফিডা

স্পিনা বিফিডা হলো মার্কিন যুক্তরাষ্ট্রে সবচেয়ে প্রচলিত জন্মগত ক্রটিগুলোর মধ্যে একটি, যা গর্ভাবস্থার প্রথম মাস বা তার পরে ঘটে এবং এর মানে হলো যে শিশুর মেরুদণ্ডের আবরণ হওয়া পুরোপুরি সম্পন্ন হয়নি। স্নায়ু ও মেরুদণ্ডের ক্ষতি হতে পারে।

## টরেট সিন্ড্রম

টরেট সিন্ড্রম হলো একটি স্নায়বিক ব্যাধি যা টিক (অনিচ্ছাকৃত, দ্রুত, আকস্মিক নড়াচড়া) এবং/অথবা চিংকার করে ওঠা দ্বারা চিহ্নিত করা হয় যা বারবার ঘটে।

## মস্তিষ্কের আঘাতজনিত ক্ষতি

মস্তিষ্কের আঘাতজনিত ক্ষতি বা টিবিআই, এমন একটি আঘাত যা মস্তিষ্ক কীভাবে কাজ করে তা প্রভাবিত করে এবং শারীরিক এবং/অথবা বুদ্ধিভিত্তিক অসুবিধার কারণ হতে পারে।